



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মত্স্য অফিসার
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া।

স্মারক নং-৩৩.০২.১০৮৮.৫০১.৪০.১১৭.২১-১৮০

তারিখঃ ০৩ অক্টোবর ২০২১ খ্রিঃ।

ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি

যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া কর্তৃক ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ১৭.০৪.১০০০.০০০.৪১.০০১.২১-৭২৯ নং স্মারকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী বগুড়া জেলার শেরপুর উপজেলার খানপুর ও সুঘাট ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারী করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোঃ মাসুদ রানা সরকার, সিনিয়র উপজেলা মত্স্য অফিসার, শেরপুর, বগুড়া ও রিটার্নিং অফিসার


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বগুড়া জেলার শেরপুর উপজেলার খানপুর ও সুঘাট ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

ক. রিটার্নিং অফিসার এর নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	১৭ অক্টোবর ২০২১	(রবিবার)
	০১ কার্তিক ১৪২৮	
খ. রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	২০ অক্টোবর ২০২১	(বুধবার)
	০৪ কার্তিক ১৪২৮	
গ. প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	২৬ অক্টোবর ২০২১	(মঙ্গলবার)
	১০ কার্তিক ১৪২৮	
ঘ. ভোট গ্রহণের তারিখ	১১ নভেম্বর ২০২১	(বৃহস্পতিবার)
	২৬ কার্তিক ১৪২৮	

উল্লিখিত ইউনিয়ন পরিষদ নির্বাচন ব্যালট পেপার এর মাধ্যমে সকাল ৮:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোটাগ্রহণ অনুষ্ঠিত হবে।

আমি আরও জানাইতেছি যে, অদ্য ০৩-১০-২০২১ তারিখ হইতে ১৭-১০-২০২১ তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯:০০টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশ গ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় সিনিয়র উপজেলা মত্স্য অফিস, শেরপুর, বগুড়ায় মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

স্থান : সিনিয়র উপজেলা মত্স্য অফিস, শেরপুর, বগুড়া।
তারিখ : ০৩ অক্টোবর ২০২১ খ্রিঃ।


(মোঃ মাসুদ রানা সরকার)
সিনিয়র উপজেলা মত্স্য অফিসার
শেরপুর, বগুড়া
এবং
রিটার্নিং অফিসার
খানপুর ও সুঘাট ইউনিয়ন

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, বগুড়া।
০৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
০৪. পুলিশ সুপার, বগুড়া।
০৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া।
০৭. উপজেলা নির্বাচন অফিসার, শেরপুর, বগুড়া।
০৮. অফিসার ইন-চার্জ, শেরপুর থানা, বগুড়া।
০৯. সচিব,.....ইউনিয়ন পরিষদ, শেরপুর, বগুড়া। তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. অত্রাফিস নোটিশ বোর্ড।